

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।  
[www.bkkb.gov.bd](http://www.bkkb.gov.bd)

নং- ০৫.৮১.০০০০.০০১.০৩.০০৭.১৬ - ২১২

তারিখ: ০৮/১২/২০১৬ খ্রি.


বিজ্ঞপ্তি

বিষয়: ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য সরকারের অসামরিক খাতের ১১ হতে ২০ গ্রেডে বেতন গ্রহণকারী কর্মরত সরকারি কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'/ 'শিক্ষাসহায়তা' এবং সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার সকল গ্রেডের অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'র জন্য দরখাস্ত আহ্বান।

২০১৬-২০১৭ অর্থবছরে জন্য সরকারের অসামরিক খাতের ১১ হতে ২০ গ্রেডে বেতন গ্রহণকারী কর্মরত সরকারি কর্মচারীর (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) সন্তানদের 'শিক্ষাবৃত্তি'/ 'শিক্ষাসহায়তা' এবং সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার সকল গ্রেডের অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'র জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

দরখাস্ত করার নিয়মাবলি:

- ০১। সরকারের অসামরিক খাতের ১১ হতে ২০ গ্রেডে বেতন গ্রহণকারী কর্মরত সরকারি কর্মচারীর ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২(দুই) সন্তানের জন্য ফরম নং ১০- এ 'শিক্ষাবৃত্তি'/ 'শিক্ষাসহায়তা' এবং সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার সকল গ্রেডের অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২(দুই) সন্তানের জন্য ফরম নং ৩- এ 'শিক্ষাবৃত্তি'র জন্য আবেদন করতে পারবেন।
- ০২। ১১ হতে ২০ গ্রেডে বেতন গ্রহণকারী কর্মরত সরকারি কর্মচারীর সন্তান যারা ৬ষ্ঠ থেকে একাদশ/ দ্বাদশ/ সমমানের শ্রেণিতে বোর্ড/ বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে লেটার গ্রেড এ পেয়ে জিপিএ ৫ পেয়েছেন তারা 'শিক্ষাবৃত্তি' এবং যারা ন্যূনতম জিপিএ ৩/ গড়ে ৫০% নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছেন তারা 'শিক্ষাসহায়তা' পাওয়ার যোগ্য হবেন।
- ০৩। ১১ হতে ২০ গ্রেডে বেতন গ্রহণকারী কর্মরত সরকারি কর্মচারীর সন্তান যারা মহাবিদ্যালয়/ বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে (সমমানের) ১ম বছরে অধ্যয়নরত তারা উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় প্রত্যেক বিষয়ে লেটার গ্রেড এ পেয়ে জিপিএ ৫ পেয়ে উত্তীর্ণ হয়ে থাকলে 'শিক্ষাবৃত্তি' এবং যারা ন্যূনতম জিপিএ ৩/ গড়ে ৫০% নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছেন তারা 'শিক্ষাসহায়তা' পাওয়ার যোগ্য হবেন। স্নাতক (সমমানের) পর্যায়ে ২য় থেকে ৪র্থ/ ৫ম বর্ষ পর্যন্ত যেসকল ছাত্র/ ছাত্রী পূর্ববর্তী বাৎসরিক/ সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় সিজিপিএ ৪ এর মধ্যে ৩.৫ হতে ৪ পেয়ে উত্তীর্ণ হয়েছেন তারা 'শিক্ষাবৃত্তি' এবং যারা ন্যূনতম সিজিপিএ ২.৫ পেয়ে উত্তীর্ণ হয়েছেন তারা 'শিক্ষাসহায়তা' পাওয়ার যোগ্য হবেন।
- ০৪। ১১ হতে ২০ গ্রেডে বেতন গ্রহণকারী কর্মরত সরকারি কর্মচারীর সন্তান যারা মহাবিদ্যালয়/ বিশ্ববিদ্যালয়ে পর্যায়ে স্নাতকোত্তর (সমমানের) পরীক্ষায় সিজিপিএ ৪ এর মধ্যে ৩.৫ হতে ৪ পেয়ে উত্তীর্ণ হয়েছেন তারা 'শিক্ষাবৃত্তি' এবং যারা ন্যূনতম সিজিপিএ ২.৫ পেয়ে উত্তীর্ণ হয়েছেন তারা 'শিক্ষাসহায়তা' পাওয়ার যোগ্য হবেন।
- ০৫। সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার সকল গ্রেডের অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর ৯ম শ্রেণি থেকে স্নাতকোত্তর (সমমানের) পর্যায়ে অধ্যয়নরত সন্তানগণ যারা ন্যূনতম জিপিএ ৩/ সিজিপিএ ২.৫/ গড়ে ৫০% নম্বর পেয়ে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হয়েছেন তারা শুধু 'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্য হবেন।
- ০৬। বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ কলেজের অধ্যক্ষ/ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত মার্কসীট/ সার্টিফিকেট এর ফটোকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করে আগামী ৩১/০১/২০১৭ খ্রি. তারিখের মধ্যে নিজ নিজ অফিস কর্তৃপক্ষের মাধ্যমে ঢাকা মহানগরীর ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা এবং অন্যান্য বিভাগের ক্ষেত্রে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক বরাবরে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ ও সন্দেহযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনা করা হবে না। 'শিক্ষাবৃত্তি'/ 'শিক্ষাসহায়তা'র জন্য আবেদন ফরম বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট থেকে ([www.bkkb.gov.bd](http://www.bkkb.gov.bd)) ডাউনলোড করতে হবে।



(শিরিন আখতার)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ৯৩৪৯৩২৩